# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা এর দপ্তর
পানি ভবন, লেভেল - ৫
৭২, গ্রীণ রোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০২০০
Web: www.bwdb.gov.bd

Office of the Chief Engineer(Civil), Planning
Pani Bhaban, Level – 5
72 Green Road, Dhaka 1215
Phone: 02222230200
E-mail: cplanwdb@yahoo.com

স্মারক নং- ৭৪২

তারিখঃ ২৫-০৪-২০২৩ খ্রিঃ

**বিষয়:** জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে অর্থায়নের জন্য প্রকল্প প্রস্তাব দাখিল প্রসঙ্গে।

**সুত্র:** পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের স্মারক নং- ২২.০৬.০০০০.১২০.১৪.৫০৩.২০১৪.২০, তারিখঃ ০৩/০৪/২০২৩ খ্রিঃ।

বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট হতে প্রাপ্ত সুত্রস্থ স্মারকের মাধ্যমে প্রাপ্ত পত্রের মর্মার্থ অনুযায়ী (কপি সংযুক্ত) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে অর্থায়নের জন্য জলবায়ু পরিবর্তন ট্রাস্ট কর্তৃক প্রণীত চেকলিস্ট ও নির্ধারিত ছক অনুযায়ী প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে (যদি থাকে) প্রতি অর্থবছরে দুই বার (১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর) এবং (১ জানুয়ারি হতে ৩১ মার্চ) সময় সীমার মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় / বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে প্রেরণের নিমিত্ত অত্র দপ্তরে দাখিলের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৫.০৪.২০২৩

(ড. শ্যামল চন্দ্র দাস)
অতিঃ প্রধান প্রকৌশলী (পুর) পরিকল্পনা
বাপাউবো, ঢাকা।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। প্রধান প্রকৌশলী, কেন্দ্রিয় অঞ্চল, বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম।
৩। প্রধান প্রকৌশলী, পূর্বাঞ্চল, বাপাউবো, কুমিল্লা।
৪। প্রধান প্রকৌশলী, উত্তর-পূর্বাঞ্চল, বাপাউবো, সিলেট।
৫। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।
৬। প্রধান প্রকৌশলী, উত্তর-পশ্চিমাঞ্চল, বাপাউবো, রাজশাহী।
৭। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।
৮। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল, বাপাউবো, খুলনা।
৯। প্রধান প্রকৌশলী, দক্ষিণাঞ্চল, বাপাউবো, বরিশাল।
১০। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
১১। প্রধান প্রকৌশলী, যান্ত্রিক সরঞ্জাম পরিদপ্তর, বাপাউবো, ৪১০, তেজগাঁও, ঢাকা।
১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রিয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (পত্রটি সংযুক্তি সহ বাপাউবো এর ওয়েবসাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।)

সদয় অবগতি/অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
২। ব্যক্তিগত সহকারী, অতিঃ মহাপরিচালক (পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।

শেখ হাসিনার নির্দেশ
জলবায়ু সহিষ্ণু বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট
পুরাতন বন ভবন, ১০১, মহাখালী, ঢাকা-১২১২
www.bcct.gov.bd

★ অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হলো।
★ বিধি মোতাবেক ব্যবস্থা নিন।
★ পত্রের মর্মানুসারে প্রতিবেদন পেশ করুন।
★ পরীক্ষা করে পেশ করুন।
★ তদন্ত করে মতামত সহ প্রতিবেদন দিন।
★ সভায় যোগদান করুন এবং কার্যবিবরণী অবহিত করুন।
★ আলাপ করুন

স্মারক নং-২২.০৬.০০০০.১২০.১৪.৫০৩.২০১৪. ২০

**বিষয়ঃ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে অর্থায়নের জন্য প্রকল্প প্রস্তাব দাখিল।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সাম্প্রতিক সময়ে পৃথিবীতে আলোচিত বিষয়গুলোর মধ্যে অন্যতম প্রধান বিষয় হচ্ছে জলবায়ু পরিবর্তন। জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাবে সবচেয়ে ঝুঁকিপূর্ণ দেশসমূহের মধ্যে বাংলাদেশ অন্যতম। জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব দেশের টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের ক্ষেত্রে বড় ধরণের হুমকি। বর্তমান সরকার জলবায়ু পরিবর্তনের বিষয়টিকে দেশের উন্নয়ন পরিকল্পনার ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হিসেবে গ্রহণ করেছে। সরকার কর্তৃক জলবায়ু পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবেলা এবং জলবায়ু পরিবর্তনের কারণে ক্ষতিগ্রস্থ জনগোষ্ঠির অভিযোজনের লক্ষ্যে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা, ২০০৯ বাস্তবায়ন করা হচ্ছে। উক্ত পরিকল্পনা বাস্তবায়নে বৈদেশিক সহায়তার জন্য অপেক্ষা না করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিক নির্দেশনায় ২০০৯-১০ অর্থবছরে সরকার নিজস্ব অর্থায়নে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (সিসিটিএফ) গঠন করে যা বিশ্ব দরবারে ব্যাপক প্রশংসিত হয়েছে।

২.০ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট তহবিল সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রণীত জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর আওতায় ১১ জন মাননীয় মন্ত্রীর সমন্বয়ে ১৭ জন সদস্য বিশিষ্ট জলবায়ু পরিবর্তন বিষয়ক ট্রাস্টি বোর্ড ও ১৩ সদস্য বিশিষ্ট কারিগরি কমিটি গঠন করা হয়েছে। জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড অত্যন্ত দক্ষতার সাথে এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনা করে থাকে। জলবায়ু পরিবর্তন ট্রাস্ট আইন, ২০১০ এর আওতায় গঠিত বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট (বিসিসিটি) জলবায়ু পরিবর্তন ট্রাস্টি বোর্ড এবং কারিগরি কমিটির সাচিবিক দায়িত্ব পালনসহ এ ট্রাস্ট ফান্ডের অন্যান্য কার্যক্রম সম্পাদন করে আসছে। এই তহবিলের সার্বিক কর্মকান্ডে যথেষ্ট গতিশীলতা এসেছে এবং প্রকল্পের সংখ্যাও উল্লেখ্যযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক অভিঘাত মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর দৃঢ় নেতৃত্বে বর্তমান সরকারের গৃহীত এ উদ্যোগ দেশে-বিদেশে ব্যাপকভাবে সমাদৃত হয়েছে। জলবায়ু পরিবর্তনের নেতিবাচক প্রভাব মোকাবেলায় দৃঢ় নেতৃত্বের জন্য জাতিসংঘ কর্তৃক মাননীয় প্রধানমন্ত্রীকে জাতিসংঘের পরিবেশ বিষয়ক সর্বোচ্চ "Champions of the Earth" পদকে ভূষিত করা হয়েছে।

৩.০ জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে জলবায়ুর পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা ২০০৯ (বিসিসিএসএপি-২০০৯)-এ বর্ণিত ৬টি থিমেটিক এরিয়া (১) খাদ্য নিরাপত্তা, সামাজিক সুরক্ষা ও স্বাস্থ্য , (২) সমন্বিত দুর্যোগ ব্যবস্থাপনা, (৩) অবকাঠামো, (৪) গবেষণা ও জ্ঞান ব্যবস্থাপনা, (৫) প্রশমন ও কম কার্বন নিঃসরণ এবং (৬) সক্ষমতা ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি এর আওতায় ৪৪টি প্রোগ্রাম ভিত্তিক প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে। উক্ত থিমেটিক এরিয়া অনুযায়ী বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সহায়তার মাধ্যমে বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাষ্ট (BCCT) জলবায়ু পরিবর্তনের ক্ষতিকর প্রভাব মোকাবেলায় কাজ করে যাচ্ছে।

৪.০ বর্ণিত অবস্থায়, জলবায়ু পরিবর্তনের বিরুপ প্রভাব মোকাবেলায় জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড হতে অর্থায়নের জন্য বাংলাদেশ জলবায়ু পরিবর্তন কৌশল ও কর্মপরিকল্পনা ২০০৯ (বিসিসিএসএপি-২০০৯)-এ বর্ণিত ৬টি থিমেটিক এরিয়ার আওতায় ৪৪টি প্রোগ্রাম এবং বিসিসিটি কর্তৃক প্রণীত চেকলিস্ট ও নির্ধারিত ছক অনুযায়ী জলবায়ু পরিবর্তন সম্পর্কিত প্রকল্প প্রস্তাব প্রণয়ন করে প্রতি অর্থবছরে ২ বার (১ জুলাই হতে ৩০ সেপ্টেম্বর) এবং (১ জানুয়ারী হতে ৩১ মার্চ) সময় সীমার মধ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়/বাংলাদেশ জলবায়ু পরিবর্তন ট্রাস্টে দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

(নুরুন নাহার হেনা)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন:০২২২২২৯০৯৫৯

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সিনিয়র সচিব/সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। সিনিয়র সচিব/সচিব, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৭। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৯। সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সিনিয়র সচিব/সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র সচিব/সচিব, দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সিনিয়র সচিব/সচিব, মহিলা ও শিশু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। সিনিয়র সচিব/সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। সিনিয়র সচিব/সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। সিনিয়র সচিব/সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সিনিয়র সচিব/সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিনিয়র সচিব/সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ই২৭/এ, আগারগাঁও, ঢাকা।
১৮। সিনিয়র সচিব/সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯। সিনিয়র সচিব/সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২০। সিনিয়র সচিব/সচিব, মেরিটাইম এ্যাফেয়ার্স ইউনিট, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২১। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম বিশ্ববিদ্যালয়, পল্লবী, মিরপুর-১২, ঢাকা।
২২। চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা), ঢাকা।
২৩। চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো), আগারগাঁও, ঢাকা।
২৪। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, মহাখালী, ঢাকা।
২৫। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ, মতিঝিল বা/এ, ঢাকা।
২৬। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন করপোরেশন, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, শাহবাগ, ঢাকা।
২৭। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, বিএফডিসি ভবন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
২৮। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর ভবন, পোষ্ট বক্স-২০১৩, চট্টগ্রাম-৪১০০।
২৯। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, কলাপাড়া, পটুয়াখালী।
৩০। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৩১। চেয়ারম্যান, বাংলাদেশ ইন্সটিটিউট অফ মেরিটাইম রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (বিমরাড), নৌ সদর দপ্তর, বনানী, ঢাকা।
৩২। চেয়ারম্যান, ওশানোগ্রাফি বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩৩। মহাপরিচালক, বাংলাদেশ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ১৫৩ পাইওনিয়ার রোড, ঢাকা।
৩৪। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ।
৩৫। মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, পানি ভবন, লেভেল-৬, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৩৬। মহাপরিচালক, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা, ওয়ারপো ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা।
৩৭। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৩৮। মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৩৯। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
৪০। মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন (৮ম তলা), ১৪১-১৪৩ মতিঝিল, ঢাকা।
৪১। মহাপরিচালক, বাংলাদেশ কোস্ট গার্ড, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৪২। মহাপরিচালক, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউ, রামু, কক্সবাজার।
৪৩। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, আগারগাঁও, ঢাকা।
৪৪। প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৪৫। পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, চিড়িয়াখানা রোড, মিরপুর-১, ঢাকা।
৪৬। পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইন্সটিটিউট, জিপিও বক্স নং-২৭৩, ষোলশহর, চট্টগ্রাম।
৪৭। পরিচালক, ব্লু-ইকোনমি পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর এলাকা, বনানী, ঢাকা।
৪৮। পরিচালক, ইন্সটিটিউট অফ মেরিন সায়েন্স, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, ফতেহপুর, হাটহাজারী, চট্টগ্রাম।
৪৯। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
৫০। কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমী, চট্টগ্রাম-৪২০৬।
৫১। ডিসিপ্লিন প্রধান, ফিশারিজ এন্ড মেরিন রিসোর্স টেকনোলজি ডিসিপ্লিন খুলনা বিশ্ববিদ্যালয়, গল্লামারী, খুলনা।

অনুলিপি:

০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। অফিস কপি।